

বঙ্গবন্ধু এদেশে অসাম্প্রদায়িক রাজনীতির ভিত্তি স্থাপন করেছিলেন

-শ্রম প্রতিমন্ত্রী খুলনা,

২৩ মার্চঃ

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান বলেছেন বঙ্গবন্ধু এদেশে অসাম্প্রদায়িক রাজনীতির ভিত্তি স্থাপন করেছিলেন। অসাম্প্রদায়িকতা ও মানবিকতার মূর্ত প্রতীক, ছিলেন সংস্কৃতিমনা।

তিনি আজ খুলনা শিল্পকলা একাডেমী মুক্ত মঞ্চে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী এবং জাতীয় শিশুদিবস উপলক্ষে বঙ্গবন্ধু শিশু-কিশোর মেলা আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু নিপীড়িত, নিষ্পেষিত, শোষিত ও অধিকারবঞ্চিত বাঙালি জাতির জন্য আজীবন লড়াই-সংগ্রাম করে যেমন হয়ে উঠেছিলেন অবিসংবাদিত ও আত্মত্যাগী নেতা। তেমনি শিশু- কিশোরদের আপনজন ছিলেন। বঙ্গবন্ধু শিশুদের অসম্ভব ভালবাসতেন। তিনি ছিলেন, একজন খাঁটি দেশপ্রেমিক বাঙালি, মানবতাবাদী ও অসাম্প্রদায়িক চেতনার মানুষ।

তিনি বলেন, ১৯৭০-এর নির্বাচনে আওয়ামী লীগের ইশতেহারে বঙ্গবন্ধু ধর্মনিরপেক্ষতার বিষয়কে যুক্ত করেছিলেন। এর ভিত্তিতে দেশ স্বাধীন হলো। স্বাধীন বাংলাদেশে ১৯৭২ সালে প্রণীত সংবিধানেও ধর্মনিরপেক্ষতা বা অসাম্প্রদায়িক রাজনীতির কথা অন্তর্ভুক্ত করা হয়েছিল। একজন খাঁটি দেশপ্রেমিক বাঙালি, মানবতাবাদী ও অসাম্প্রদায়িক চেতনার মানুষ ছিলেন তিনি। প্রতিমন্ত্রী শিশু-কিশোরদের বঙ্গবন্ধুর আদর্শ হৃদয়ে ধারণ করে এবং বঙ্গবন্ধুর আল্লাজীবনী পড়ে ২০৪১ সালের মধ্যে শেখ হাসিনার নেতৃত্বে উন্নত -সমৃদ্ধ বাংলাদেশ গঠনে নিজেদের উপযুক্ত করে গড়ে তুলতে উপদেশ দেন।

অনুষ্ঠানে শিশু-কিশোর মেলা খুলনা মহানগর সভাপতি এবং কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য এম কবির আহমেদ এর সভাপতিত্বে অন্যান্যের খুলনা মহানগর আওয়ামীলীগ এর সাধারণ সম্পাদক এম ডি এ বাবুল রানা, খুলনা শ্রম দপ্তরের পরিচালক মো. মিজানুর রহমান, শিশু- কিশোর মেলার খুলনা জেলা শাখার সভাপতি হাসান মো.হাফিজুর রহমান এবং অনুষ্ঠান উদযাপন কমিটির সদস্য সচিব এস এম এ সায়েম মিয়া এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব শাহিন জামালসহ বাংলাদেশ আওয়ামীলীগ এবং বঙ্গবন্ধু শিশু- কিশোর মেলার স্থানীয় নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

স্বাক্ষরিত/-

মো.আকতারুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

০১৭১৮৮৫১৮৫১

